প্রথম আলো

রোববার, ১৭ জানুয়ারি ২০১৬

# তিন বছরে হবে ১০ হাজার দক্ষ শ্রমিক

## জাহাজ নির্মাণশিল্প

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম

দেশের জাহাজ নির্মাণশিল্প খাতে তিন বছরে ১০ হাজার দক্ষ শ্রমিক তৈরি করা হবে। এ জন্য অর্থ মন্ত্রণালয় ২৯ কোটি ৪২ লাখ টাকা অর্থায়ন করবে।

এ বিষয়ে গতকাল শনিবার চট্টগ্রামে অর্থ মন্ত্রণালয় এবং রপ্তানিমুখী জাহাজ নির্মাণশিল্প মালিক সমিতির মধ্যে একটি চুক্তি হয়েছে। চুক্তি অনুযায়ী জাহাজ নির্মাণশিল্পে কর্মরত ও নবীন শ্রমিকদের চট্টগ্রাম, ঢাকা, ফটিকছড়িসহ মোট ১০টি কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হবে।

প্রথম বছরে দুই হাজার, দ্বিতীয় বছরে সাড়ে পাঁচ হাজার এবং তৃতীয় বছরে আড়াই হাজার শ্রমিক বিনা খরচে প্রশিক্ষণ পাবেন। সেই সঙ্গে ভাতাও থাকবে। প্রশিক্ষণ দেওয়া হবে জাহাজ নির্মাণ খাতের সঙ্গে যুক্ত ওয়েল্ডিং ও ফেব্রিকেশন, মেশিনারি বা যন্ত্রপাতি প্রতিস্থাপন, মেশিন টুলস অপারেশন, পাইপিং, ইলেকট্রিক্যাল ও নেভিগেশন, কোয়ালিটি কন্ট্রোলসহ ১১ ক্যাটাগরি বা শ্রেণিতে।

চট্টগ্রামের কর্ণফুলী নদীতে প্রমোদতরী ওয়েস্টার্ন ক্রুজে আয়োজিত এক অনুষ্ঠানে এ চুক্তি সই হয়। অতিরিক্ত অর্থসচিব জালাল আহমেদ এবং জাহাজ নির্মাণশিল্প মালিক সমিতির সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন নিজ নিজ পক্ষে চুক্তিতে সই করেন। অনুষ্ঠানে বক্তব্য দেন অতিরিক্ত অর্থসচিব আবদুর রউফ চৌধুরী, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের (বিইএফ) সভাপতি সালাউদ্দিন কাসেম খান।



চুক্তিপত্র বিনিময় করছেন অতিরিক্ত অর্থসচিব জালাল আহমেদ এবং জাহাজ নির্মাণশিল্প মালিক সমিতির সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন ● প্রথম আলো

অনুষ্ঠানে জালাল আহমেদ বলেন, দেশে ৭০টি খাত রয়েছে, যেখান থেকে প্রতিবছর বিলিয়ন বা শত কোটি ডলারের বৈদেশিক মুদ্রা উপার্জন করা সম্ভব। তবে এর জন্য প্রয়োজন দক্ষ জনবলের। তাই সরকার অগ্রাধিকার ভিত্তিতে তৈরি পোশাক, তথ্যপ্রযুক্তি, জাহাজ নির্মাণসহ ছয়টি শিল্পকে গুরুত্ব দিয়ে ২ লাখ ৬০ হাজার অদক্ষ শ্রমিক ও কর্মীকে প্রশিক্ষণ দেওয়ার একটি প্রকল্প চালু করেছে। প্রকল্পের অংশ হিসেবে জাহাজ নির্মাণ খাতের জন্য প্রশিক্ষণ দেওয়ার এ উদ্যোগটি নেওয়া হয়েছে।

দেশে দক্ষ জনবল তৈরি করতে সরকারের আলাদা একটি মন্ত্রণালয় প্রতিষ্ঠার পরিকল্পনা রয়েছে বলেও জানান অতিরিক্ত অর্থসচিব জালাল আহমেদ।

জাহাজ নির্মাণশিল্প মালিকেরা জানান, গত পাঁচ বছরে বাংলাদেশ থেকে জার্মানি, ডেনমার্ক, ফিনল্যান্ড, ইকুয়েডর, নিউজিল্যান্ড, তানজানিয়া, উগান্ডা, মোজাম্বিক ও পাকিস্তানে অনেকগুলো জাহাজ রপ্তানি করা হয়েছে। বর্তমানে কেনিয়া, গাম্বিয়া, সংযুক্ত আরব আমিরাত (ইউএই) ও ভারতের জন্য জাহাজ নির্মাণ করছে দেশীয় জাহাজ নির্মাণ কোম্পানিগুলো।

অনুষ্ঠান শেষে প্রশিক্ষণ কার্যক্রমের প্রধান সমন্বয়কারী ক্যাপ্টেন হাবিবুর রহমান *প্রথম আলো*কে জানান, জাহাজ নির্মাণশিল্পে কর্মরত শ্রমিকদের ১৫ দিনের এবং নবীন ও অদক্ষ শ্রমিকদের তিন মাসের প্রশিক্ষণ দেওয়া হবে। পরে আন্তর্জাতিক মান নির্ধারণকারী সংস্থার মূল্যায়নের মাধ্যমে তাঁদের সনদ দেওয়া হবে। আন্তর্জাতিক মান নির্ধারণকারী সংস্থার সনদ পেলে একজন শ্রমিক দেশের জাহাজ নির্মাণশিল্পে ভালো বেতন-ভাতা পাবেন।